

সাদাপাথর ২৪ ঘণ্টা সিসিটিভি ক্যামেরার আওতায় থাকবে

- A Monitor Desk Report

Date: 23 August, 2025



সিলেট: ছুটির দিনে সাদাপাথর পর্যটনকেন্দ্র পরিদর্শন করেছে মন্ত্রিপরিষদ বিভাগের তদন্ত দল। শুক্রবার (২২ আগস্ট) সকালে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোখলেছুর রহমান এবং জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ সাইফুল ইসলাম সাদাপাথর পর্যটনকেন্দ্র পরিদর্শন করেন।

এসময় তাদের সাথে ছিলেন সিলেটের বিভাগীয় কমিশনার খান মো. রেজা-উন-নবী, জেলা প্রশাসক সারওয়ার আলম ও পুলিশ সুপার মাহবুবুর রহমানসহ উচ্চ পদস্থ কর্মকর্তারা।

পরিদর্শনকালে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোখলেছুর রহমান বলেন, সাদাপাথর লুট নয়, হরিলুট হয়েছে। এ ঘটনায় প্রশাসনের যত বড় কর্মকর্তা কিংবা রাজনৈতিক দলের নেতারা জড়িত থাকুন না কেন, কেউই ছাড় পাবেন না।

তিনি বলেন, সাদাপাথর পর্যটনকেন্দ্র ঘিরে বিশেষ প্যাকেজ কর্মসূচি নেওয়া হবে। পাশাপাশি সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হবে। ২৪ ঘণ্টা সিসিটিভির আওতায় থাকবে পর্যটনকেন্দ্রটি। ভবিষ্যতে যাতে আর কেউ পাথর উত্তোলনের সাহস না পায় সে ব্যাপারে প্রশাসনকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে।

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ সাইফুল ইসলাম বলেন, লুট হওয়া পাথর ফিরিয়ে আনার কাজ চলছে, প্রতিস্থাপনও করা হচ্ছে। হয়তো আগের মতো পুরো প্রাকৃতিক সৌন্দর্য ফিরবে না, তবে আগের অবস্থায় ফেরাতে সর্বোচ্চ চেষ্টা করা হচ্ছে।

এর আগে সাদাপাথর লুটের ঘটনায় মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষ থেকে ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার সচিবকে আহ্বায়ক করে গঠিত এই কমিটি সরেজমিন তদন্ত করে আগামী ১০ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ পেয়েছে।

